

দামোদর ভ্যালি কর্পোরেশন  
দামোদর ঘাটী নিগম  
DAMODAR VALLEY CORPORATION



প্রিয় সহকর্মীবৃন্দ,

ডিভিসি পরিবারে আমার যোগদানের দুই-তিন মাসের মধ্যে অনেক পরিবর্তন হয়ে গেছে। প্রতিষ্ঠানের কর্মীদের একাত্মতার তীব্র অনুভূতি আমাদের এগিয়ে চলার অসাধারণ প্রেরণা যুগিয়েছে। কোডারমা এবং দুর্গাপুর এসটিপিএস দুটি প্রকল্পের ইউনিট-1 পূর্ণ লোড নিতে সক্ষম হয়েছে। অনুরূপভাবে, মেজিয়া এবং চন্দ্রপুরা টিপিএস-এর একটি করে ইউনিটে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু হয়েছে। সব প্রকল্পেই পুরোদমে কাজ চলছে এবং আশা করা যায় এই অর্থবর্ষে নির্মীয়মাণ প্রকল্পগুলি যেমন কোডারমা টিপিএস #১ ও ২, ডিএসটিপিএস #১ ও ২, মেজিয়া টিপিএস ফেজ-II #১ ও ২, চন্দ্রপুরা টিপিএস #৭ ও ৮ এবং রঘুনাথপুর টিপিএস #১ এবং মাইথন রাইট ব্যাঙ্ক #১ ও ২ (টাটা পাওয়ারের সঙ্গে একটি যৌথ উদ্যোগ)-এর কাজ সম্পূর্ণ হবে। আমাদের চালু ইউনিটগুলির বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি করা যাচ্ছে না, এর ফলে চাহিদা এবং সরবরাহের মধ্যে তৈরি হয়েছে বিস্তার ফারাক ফলস্বরূপ প্রভূত আর্থিক ক্ষতি দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। এই সব অসুবিধা দূর করার জন্য এবং শিল্পে ডিভিসি-কে অন্যতম শ্রেষ্ঠ স্থানে তুলে ধরতে আমরা একগুচ্ছ নতুন উদ্যোগ হাতে নিয়েছি। আমি নিশ্চিত যে টিম ডিভিসি যথাযথ উদ্যোগ নেবে ও উন্নতি সম্ভব হবে এবং অর্থ বর্ষ ২০১২-১৩ দ্বিতীয়ার্ধের শেষ ভাগে ডিভিসি অভীষ্ট লক্ষ্যে পৌঁছতে পারবে।

আমরা সকলেই জানি যে কোন সংস্থার শ্রেষ্ঠ সম্পদই হল মানব সম্পদ যা সংস্থাকে লাভজনক প্রতিষ্ঠানের শিরোপা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। যদিও, ডিভিসি'র মানবসম্পদ বৃদ্ধির ধরেই সংস্থার সাফল্যে একটি তাৎপর্যপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে তথাপি বর্তমানে প্রায় ১০,০০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি মর্যাদাপূর্ণ প্রতিষ্ঠানের গুরুদায়িত্ব বহন করার জন্য মানবসম্পদের পুনর্বিন্যাস এবং পুনর্গঠন জরুরী হয়ে পড়েছে।

অনেক নামী সংস্থায় লক্ষ্য করা গেছে যে, এক বিপুল সংখ্যক কর্মীদের মধ্যে একটা সময়ের পর এই ধারণার জন্ম নেয় যে কর্মী এবং সংস্থা উভয়ের সামগ্রিক স্বার্থে সংস্থা যদি যথাযথ সুযোগ প্রদান করত তাহলে তাঁদের সম্ভাবনার সর্বোত্তম ব্যবহার হতে পারত। সংস্থাকে প্রথম সারিতে দ্রুত উন্নীতকরণের জন্য সংস্থার কর্মীদের মানব সম্পদ/শিল্প সম্পর্ক (আই আর) সম্বন্ধিত বিভিন্ন ধারণার মূল্যায়ন ও তাঁদের সম্ভবিস্তর সমীক্ষাও প্রয়োজন।

উপরোক্ত প্রেক্ষাপটে, আমরা ডিভিসি-তে অনুসরণ করা মানব সম্পদ/শিল্প সম্পর্ক (আই আর), নীতি, প্রণালী ও পদ্ধতির কার্যকারিতা সমীক্ষার জন্য একটি নামী পেশাদারী ফার্ম যথা শ্রী রাম সেন্টার ফর ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, হিউম্যান রিসোর্সেস, ইকোনমিক অ্যান্ড সোশাল ডেভেলপমেন্ট, নিউ দিল্লি (এস আর সি)-কে নিয়োগ করেছি। এস আর সি অন্যত্র আরো ভালো পদ্ধতির পরিপ্রেক্ষিতে দ্রুত ও কার্যকরী উন্নয়নের জন্য কর্মীদের ভূমিকা, চিন্তার ক্ষেত্রগুলি চিহ্নিতকরণ, সমস্ত শ্রেণীর কর্মীদের নিয়োগ ও অগ্রগতির পরিকল্পনা, সকল স্তরে পদোন্নতির পুনর্বিচার, এক্সিকিউটিভ/নন-এক্সিকিউটিভ উভয় স্তরে স্থানান্তরণ নীতি নির্ধারণ করবে।

পরিচালন কর্তৃপক্ষের দেওয়া সমস্ত তথ্য, অভিমত ও ভাবনার ক্ষেত্র নির্ধারণ করার পর এস আর সি সমস্ত স্তরের কর্মীদের সমীক্ষার জন্য একটি পদ্ধতি তৈরি করবে এবং তারপরে এস আর সি-এর বিশেষজ্ঞগণ ডিভিসি'র সব বিভাগ পরিদর্শন করে দলগত আলোচনার মাধ্যমে সকল শ্রেণীর কর্মীদের সঙ্গে সাফাৎ করবেন এবং প্রশাবলী ও ব্যক্তিগত সাক্ষাৎকারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করে নিজেদের প্রতিবেদন পেশ করবেন।

কর্মীবৃন্দকে আমার অনুরোধ তাঁরা যেন এগিয়ে আসেন এবং ডিভিসি-কে দেশের অন্যতম শ্রেষ্ঠ সংস্থা রূপে গড়ে তোলার স্বপ্ন পূরণের লক্ষ্যে এস আর সি-এর বিশেষজ্ঞদের মূল্যবান পরামর্শ, বিভিন্ন প্রকল্প পরিদর্শনের মাধ্যমে তাদের সুপারিশ, সর্বোত্তম মানবসম্পদের ব্যবহারের বিষয়গুলি মনোযোগ সহকারে অনুসরণ করেন।

*স্বাক্ষর*

(আর. এন. সেন)

চেয়ারম্যান